

**চতুর্থ দিনে ৩
পরিদর্শক ও ১৫৫
শিক্ষার্থী বহিষ্কার**
এইচএসসি ও আলিম পরীক্ষা

□ স্টাফ রিপোর্টার.

দেশের ১০টি শিক্ষা বোর্ডে অধীনে গতকাল সোমবার এইচএসসি, আলিম ও এইচএসসি (বিএম/ভোকেশনাল)-এ পরীক্ষায় অনুপস্থিত ছিল ৮ হাজার ৬৬৬ জন পরীক্ষার্থী। পরীক্ষায় অসমুপায় অবলম্বনের দায়ে পরীক্ষার্থী ১৫৫ জন এবং পরিদর্শক ৩ জন বহিষ্কার হয়েছে। গতকালের পরীক্ষায় ঢাকা, চট্টগ্রাম ও বরিশাল শিক্ষা বোর্ডে বহিষ্কৃত

চতুর্থ দিনে ৩ পরিদর্শক
১৬-এর পূর্বের পর

পরীক্ষার্থীর সংখ্যা বেদি ছিল। শিক্ষা বোর্ডগুলোর পরীক্ষা নিয়ন্ত্রককে থেকে বলা হয়েছে, গতকাল ৮টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে ইংরেজি বিত্তীয়পত্র, মাদরাসার শিক্ষা বোর্ডের অধীনে ইংরেজি আবশ্যিক এবং কারিগরি শিক্ষা বোর্ডে অধীনে বিজ্ঞানসহ ইংলিশ এন্ড কমিউনিকেশন পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। অনুপস্থিত পরীক্ষার্থীদের মধ্যে ঢাকা শিক্ষা বোর্ডে ২ হাজার ৭৬১ জন, কুমিল্লা বোর্ডে ৬৩৯ জন, মগোরে বোর্ডে ১ হাজার ১২৬ জন, রাজশাহী বোর্ডে ৮৮২ জন, চট্টগ্রাম বোর্ডে ৬৫০ জন, সিলেট বোর্ডে ৪৩১ জন, বরিশালে বোর্ডে ৩৭৮ জন, দিনাজপুর বোর্ডে ৫৫৫ জন, মাদরাসা বোর্ডে ৪২৪ জন এবং কারিগরি শিক্ষা বোর্ডে ৮১৫ জন অনুপস্থিত ছিল।

পরীক্ষায় অসমুপায় অবলম্বনের দায়ে ১৫৫ জন পরীক্ষার্থী ও ৩ জন পরিদর্শক বহিষ্কার হয়েছেন। ঢাকা শিক্ষা বোর্ডে ৪১ জন, কুমিল্লা বোর্ডে ৮ জন, রাজশাহী বোর্ডে ১১ জন, মগোরে ১৫ জন, সিলেটে ৪ জন, বরিশালে ২২ জন ও দিনাজপুরে ৮ জন এবং চট্টগ্রামে ২২ জন পরীক্ষার্থী ও ৩ জন পরিদর্শক বহিষ্কার হয়েছেন। এছাড়া মাদরাসা বোর্ডে ৫ জন ও কারিগরি বোর্ডে ১৯ জন বহিষ্কার হয়েছে।

এসকত দেশের আটটি সাধারণ, মাদরাসা ও কারিগরি শিক্ষাবোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে ৯ লাখ ২৬ হাজার ৮১৪ জন ছাত্রছাত্রী। এর মধ্যে ৪ লাখ ৯৬ হাজার ৩৯৫ জন ছাত্র এবং ৪ লাখ ৩০ হাজার ৪১৯ জন ছাত্রী। ২ হাজার ১৯৬টি কেন্দ্রে একযোগে এ পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। ৭ হাজার ৫৫৬টি কনসেজের ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নিচ্ছে।